

পশ্চিমবঙ্গ সরকার
প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিকের করণ
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।

বিজ্ঞপ্তি:

এতদ্বারা সকলের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, মুর্শিদাবাদ জেলা অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ কর্তৃক পরিচালিত তপ: জাতি কেন্দ্রীয় ছাত্রাবাস বহরমপুর, জয়চাঁদ রোড, বহরমপুর, মুর্শিদাবাদ অবস্থিত ছাত্রাবাসে ভর্তির জন্য তপ: জাতি ও আদিবাসী ছাত্রদের (পোষ্ট ম্যাট্রিক স্টেজ কেবল মাত্র, বিজ্ঞান, সমাজবিদ্যা ও বাণিজ্য বিভাগের ছাত্রদের) নিকট হইতে কিছু শূণ্য আসন পূরণের জন্য (২০১৭-১৮ শিক্ষাবর্ষের জন্য) পুনরায় আবেদন পত্র আহ্বান করা হইতেছে।

আবেদনকারীকে ফর্মে বর্ণিত তথ্যাদিসহ পূরণ করা আবেদন পত্র ১৫/১২/২০১৭, তারিখ হইতে ২৬/১২/২০১৭, তারিখ বিকাল ৪.৩০ এর মধ্যে প্রশাসনিক ভবনের ৩০৬ নং ঘরে রক্ষিত বাক্সে ফেলিতে হইবে। ভুল অথবা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হইবে। নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা পরে অফিসের নোটিশ বোর্ডে টাঙানো হইবে।

আবেদন পত্র পূরণের জন্য নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য:

- ১) আবেদনকারীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হইতে হইবে।
- ২) অভিভাবকের সর্বাধিক বাৎসরিক আয় ভারত সরকারের আদেশনামা নং - ১১০৭০/০১/২০০৮- এস সি ডি ভি (ভলুম-III), তারিখ - ২৯/০৪/২০১৩, অনুসারে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে হইতে হইবে। অভিভাবকের বাৎসরিক আয়ের শংসাপত্র আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে। চাকুরীজীবীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট আধিকারিকের প্রদান করা আয়ের শংসাপত্র আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।
- ৩) সরকার কর্তৃক প্রদত্ত জাতি/ উপজাতি শংসাপত্রের প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।
- ৪) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির রশিদ - এর প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।
- ৫) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও সর্বশেষ পরীক্ষার মার্কসিট, আধার কার্ড, ব্যাংক এ্যাকাউন্ট এর প্রথম পাতার প্রত্যয়িত নকল আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হইবে।

বিঃ দ্রঃ পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক নির্ধারিত তপ: জাতি ও আদিবাসী হোস্টেলে থাকার সুযোগ সুবিধা ও নিয়ম কানুন প্রযোজ্য হইবে।

ছাত্রাবাসে ভর্তির আবেদন পত্র প্রশাসনিক ভবনের ৩০৬ নং ঘর হইতে সংগ্রহ করা যাইবে অথবা নোটিশ বোর্ডে টাঙানো নিদর্শ হইতে সংগ্রহ করা যাইবে।

প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিক
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।

MemoNo. 2000/1(48)BCW/MSD

Dt. 15.12.2017.

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল।

- ১। মাননীয় সভাপতি, মুর্শিদাবাদ জেলা পরিষদ। বহরমপুর, মুর্শিদাবাদ।
- ২-৬। মহাকুমা শাসক (সকল), বহরমপুর সদর- কান্দি - লালবাগ - ডোমকল ও জঙ্গিপুর, মুর্শিদাবাদ।
- ৭-১৪। মাননীয় পৌরপতি (সকল), ডোমকল পৌরসভা, বহরমপুর পৌরসভা - বেলডাঙ্গা পৌরসভা - মুর্শিদাবাদ পৌরসভা - জিয়াগঞ্জ আজিমগঞ্জ পৌরসভা - জঙ্গিপুর পৌরসভা- ধুলিয়ান পৌরসভা - কান্দি পৌরসভা ও কে বিজ্ঞপ্তির অনুলিপি নিজ নিজ এলাকার উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং মহাবিদ্যালয় গুলিতে প্রচার ও অবগতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো যাইতেছে।
- ১৫। কর্মাধ্যক্ষ (শিক্ষা), মুর্শিদাবাদ জেলা পরিষদ। বহরমপুর, মুর্শিদাবাদ।
- ১৬-৪১। সমষ্টি উন্নয়ন আধিকারিক (সকল), পোষ্ট- জেলা : মুর্শিদাবাদ।
- ৪২। জেলা প্রকল্প আধিকারিক, (সর্বশিক্ষা মিশন) মুর্শিদাবাদ। বহরমপুর, মুর্শিদাবাদ।
- ৪৩। জেলা স্কুল শিক্ষা পরিদর্শক, মুর্শিদাবাদ। বহরমপুর, মুর্শিদাবাদ।
- ৪৪। জেলা তথ্য সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ।
- ৪৫। ডি - আই -ও, এন- আই- সি, মুর্শিদাবাদ কে উপরোক্ত বিজ্ঞপ্তি জেলা ওয়েব পোর্টালে সংযুক্ত করার জন্য অনুরোধ জানানো যাইতেছে।
- ৪৬। অধ্যক্ষ, বহরমপুর কলেজ, বহরমপুর, মুর্শিদাবাদ কে বিজ্ঞপ্তির অনুলিপি প্রচার ও অবগতির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।
- ৪৭। অধ্যক্ষ, কৃষ্ণনাথ কলেজ। বহরমপুর, মুর্শিদাবাদ কে বিজ্ঞপ্তির অনুলিপি প্রচার ও অবগতির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।
- ৪৮। আপ্ত সহায়ক, জেলা শাসক ও জেল সমাহর্তা, মুর্শিদাবাদ এর গোচরে আনার জন্য অনুরোধ করা হইতেছে।

প্রকল্প আধিকারিক তথা জেলা মঙ্গল আধিকারিক
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ, মুর্শিদাবাদ।
বহরমপুর, মুর্শিদাবাদ।